

ত্রৈমাসিক

# দিশারী

১ম বর্ষ |১ম সংখ্যা | মার্চ ২০১৯

'রাখিব নিরাপদ
দেখাব আলোর পথ'





## বাংলাদেশ জেল

BANGLADESH JAIL

www.prison.gov.bd

# প্রকাশনা পর্ষদ

**প্রধান উপদেষ্টা**

**ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা**
এস পিপি, এন ডিসি, এমফিল, এমপিএইচ
কারা মহাপরিদর্শক, বাংলাদেশ

**সার্বিক তত্ত্বাবধানে**

**কর্নেল মো. আবরার হোসেন**
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা

**সম্পাদক**

**জনাব মো. বজলুর রশীদ**
কারা উপ মহাপরিদর্শক, সদর দপ্তর
কারা অধিদপ্তর, ঢাকা

**সম্পাদনা সহযোগী**

**জনাব মো. আমিরুল ইসলাম**
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশিক্ষণ)
কারা অধিদপ্তর, ঢাকা

**জনাব রিজিয়া বেগম**
ডেপুটি জেলার
প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট,
কারা অধিদপ্তর, ঢাকা

**জনাব মো. জাহাঙ্গীর হোসেন শেখ**
ডেপুটি জেলার
আই সি টি সেল
কারা অধিদপ্তর, ঢাকা



**মহামান্য রাষ্ট্রপতি মো. আব্দুল হামিদ** এর সাথে সৌজন্য সাক্ষাতে কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল **এ কে এম মোস্তফা কামাল পাশা এসপিপি,** এনডিসি, এমফিল, এমপিএইচ।



**মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা** এর সাথে সৌজন্য সাক্ষাৎ ও শুভেচ্ছা বিনিময় করেন কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল **এ কে এম মোস্তফা কামাল পাশা** এসপিপি,এনডিসি, এমফিল, এমপিএইচ। সাক্ষাৎকালে মাননীয় প্রধানমন্ত্রী কারাগারকে সংশোধনাগার হিসেবে গড়ে তুলতে কারা মহাপরিদর্শককে বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন।



দ্বিতীয়বারের মতো মন্ত্রণালয়ের দায়িত্বভার গ্রহণ করায় মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী **জনাব আসাদুজ্জামান খাঁন** কে ফুলেল শুভেচ্ছা জানান কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল **এ কে এম মোস্তফা কামাল পাশা** এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ।



নব যোগদানকৃত সচিব **জনাব মো. শহিদুজ্জামান,** সুরক্ষা সেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে ফুলেল শুভেচ্ছা জানান কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল **এ কে এম মোস্তফা কামাল পাশা** এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ।




২৭ জানুয়ারি ২০১৯ তারিখ কারা মহাপরিদর্শক সদ্য উদ্বোধনকৃত কিশোরগঞ্জ জেলা কারাগার পরিদর্শন করে কারা বন্দিদের বিভিন্ন সমস্যার কথা শোনেন। তিনি কারা বন্দিদের প্রশিক্ষণের মাধ্যমে তাদের কারা পরবর্তী জীবনে সমাজে পুনর্বাসনের জন্য বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন । বিশেষ করে কিশোরগঞ্জ জেলা কারাগারে পাদুকা শিল্প স্থাপনের মাধ্যমে বন্দিদের প্রশিক্ষণ এবং আত্মনির্ভরশীল করে তুলতে গুরুত্বারোপ করেন।



২৬ জানুয়ারি ২০১৯ তারিখ কারা মহাপরিদর্শক নরসিংদী জেলা কারাগার পরিদর্শন করে কারা বন্দিদের বিভিন্ন সমস্যার কথা শোনেন। তিনি কারা বন্দিদের প্রশিক্ষণের মাধ্যমে কারা পরবর্তী জীবনে সমাজে পুনর্বাসনের জন্য বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন এবং নতুন কারাগার নির্মাণের প্রকল্পস্থান পরিদর্শন করেন।



০৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ কাশিমপুর কারা কমপ্লেক্স গাজীপুর এ অনুষ্ঠিত কারা কর্মকর্তা সম্মেলনে কারা মহাপরিদর্শক উপস্থিত থেকে দেশের বিভিন্ন কারাগার হতে আগত কারা কর্মকতাদের সাথে পরিচিত হন এবং কারাগারগুলোতে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনার কথা শোনেন। উক্ত সম্মেলনে কারা কর্মকর্তাগণ তাঁদের পদোন্নতি, আপগ্রেডেশন, দেশ-বিদেশে প্রশিক্ষণ, জনবল বৃদ্ধিকরণসহ বিভিন্ন বিষয় নবাগত কারা মহাপরিদর্শকের নিকট তুলে ধরেন।



২১ জানুয়ারি ২০১৯ তারিখ International Committee of the Red Cross (ICRC) এর চার (০৪) সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল কারা মহাপরিদর্শক এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে প্রতিনিধি দলের সদস্যরা কারাগারগুলোতে স্বাস্থ্য, স্যানিটেশন, ই-ফাইলিং এর বিষয়ে সহযোগিতা করার জন্য কারা মহাপরিদর্শককে ধন্যবাদ জানান। এ সময় উপস্থিত ছিলেন সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ) জনাব সুরাইয়া আক্তার এবং সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) জনাব মোহাম্মদ সাজ্জাদ হোসেন।



জার্মান ভিত্তিক সংস্থা GIZ এর (পাঁচ) ০৫ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল কারা মহাপরিদর্শক এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে প্রতিনিধি দলের সদস্যরা কারাগারগুলোতে প্যারালিগ্যাল কার্যক্রম আরো গতিশীল করা এবং লিগ্যাল এইড কার্যক্রম পরিচালনায় সার্বিক সহযোগিতার জন্য কারা মহাপরিদর্শককে ধন্যবাদ জ্ঞাপন করেন। এ সময় উপস্থিত ছিলেন সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ) জনাব সুরাইয়া আক্তার এবং সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) জনাব মোহাম্মদ সাজ্জাদ হোসেন।



কাশিমপুর কারা কমপ্লেক্স এ **'ডেপুটি জেলার বুনিয়াদি প্রশিক্ষণ কার্যক্রম'** পরিদর্শন করেন কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা, এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ। এছাড়া নবনিয়োগপ্রাপ্ত ডেপুটি জেলারদেরকে নিয়ে UNODC কর্তৃক আয়োজিত দিনব্যাপী Counter Radicalization বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের মাঝে তিনি সনদ বিতরণ করেন। এ সময় কারা উপ মহাপরিদর্শক সদর দপ্তর জনাব মো. বজলুর রশীদ এবং অন্যান্য কারা কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



১০ জানুয়ারি ২০১৯ তারিখ কারা অধিদপ্তর, ঢাকা এর সম্মেলন কক্ষে সকল বিভাগের কারা উপ মহাপরিদর্শগণের সমন্বয়ে সম্মেলন অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে সভাপতিত্ব করেন কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল **এ কে এম মোস্তফা কামাল পাশা,** এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ। কারা উপ মহাপরিদর্শকগণ নবাগত কারা মহাপরিদর্শককে ফুলেল শুভেচ্ছা জানিয়ে বরণ করেন। সভায় পরিচিতি পর্ব শেষে দেশের কারাগার সমূহে বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ এবং সমাধানের বিষয়ে আলোচনা করা হয়। কারা মহাপরিদর্শক কারাগারকে সংশোধনাগার হিসেবে রূপান্তর করতে বিভিন্ন দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। কারাভ্যন্তরে মোবাইল ফোন ও মাদকদ্রব্য প্রবেশ রোধ করতে যথাযথ নিরাপত্তা নিশ্চিতকরণ এবং এ বিষয়ে তিনি জিরো টলারেন্স নীতি ঘোষণা করেন। সম্মিলিত প্রচেষ্টায় তিনি কারাগারকে সংশোধনাগারে রূপান্তর করার আশাবাদ ব্যক্ত করেন। উক্ত সম্মেলনে উপস্থিত ছিলেন এডিশনাল আইজি প্রিজন্স কর্নেল মো. ইকবাল হাসান, বিজিবিএম, জনাব মো. বজলুর রশীদ, ডিআইজি প্রিজন্স কারা সদর দপ্তর, জনাব মো. ফজলুল হক ডিআইজি প্রিজন্স চট্টগ্রাম বিভাগ, জনাব টিপু সুলতান, ডিআইজি প্রিজন্স ঢাকা বিভাগ, জনাব মো. আলতাব হোসেন, ডিআইজি প্রিজন্স রাজশাহী বিভাগ, জনাব অসীম কান্ত পাল, ডিআইজি প্রিজন্স রংপুর বিভাগ, জনাব মো. তৌহিদুল ইসলাম, ডিআইজি প্রিজন্স বরিশাল বিভাগ, জনাব পার্থ গোপাল বণিক, ডিআইজি প্রিজন্স সিলেট বিভাগ, জনাব মো. ছগির মিয়া, ডিআইজি প্রিজন্স খুলনা বিভাগ, জনাব মো. জাহাঙ্গীর কবির, ডিআইজি প্রিজন্স (ভারপ্রাপ্ত) ময়মনসিংহ বিভাগ এবং কারা অধিদপ্তরে কর্মরত সহকারী কারা মহাপরিদর্শকগণ সহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।

২৪ জানুয়ারি ২০১৯ তারিখ কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল **এ কে এম মোস্তফা কামাল পাশা,** এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি নির্মাণাধীন মহিলা কেন্দ্রীয় কারাগারের নির্মাণ কাজ এবং LPG স্টেশন স্থাপন কার্যক্রম এর অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করেন। এ সময় তিনি কর্তব্যরত প্রকৌশলীদের পরিকল্পনা নকশা অবলোকন করেন। পরিদর্শনকালে উপস্থিত ছিলেন সিনিয়র জেল সুপার জনাব ইকবাল কবির চৌধুরী এবং জেলার জনাব মোহাম্মদ মাহাবুবুল ইসলাম, ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ ও অন্যান্য কারা কর্মকর্তাবৃন্দ।





কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল **এ কে এম মোস্তফা কামাল পাশা,** এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ কে কারা অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ হতে ফুলের তোড়া দিয়ে **' ইংরেজি নতুন বছর ২০১৯'** এর শুভেচ্ছা জানান পরিসংখ্যানবিদ জনাব মো. আবুল হোসেন। এ সময় উপস্থিত ছিলেন কর্নেল মোঃ ইকবাল হাসান, বিজিবিএম, এডিশনাল আইজি প্রিজন্স, জনাব মো. বজলুর রশীদ, ডিআইজি প্রিজন্স, সদর দপ্তর এবং সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) জনাব মোহাম্মদ আবদুল্লাহ-আল-মামুন এবং অন্যান্য কর্মকর্তা কর্মচারীবৃন্দ।



কারা মহাপরিদর্শক পুরাতন ঢাকায় নাজিম উদ্দিন রোডে অবস্থিত প্রায় ২২৮ বছরের ঐতিহ্যবাহী পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগারের অভ্যন্তরে স্থাপিত **'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কারা স্মৃতি জাদুঘর'** পরিদর্শন করেন এবং **'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান'** এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় তিনি বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত স্থানসমূহ এবং জাদুঘরে সংরক্ষিত বঙ্গবন্ধুর ব্যবহৃত দ্রব্যসামগ্রী দর্শন করেন। এছাড়া তিনি **'জাতীয় চার নেতা কারা স্মৃতি জাদুঘর'** পরিদর্শন করেন এবং তাঁদের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।



দেশের কারাগারসমূহ হতে বন্দিদের হাতে তৈরী উৎপাদিত পণ্য নিয়ে 'ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০১৯' এ বাংলাদেশ জেল ২য় বারের মতো অংশগ্রহণ করে। এবারের মেলায় বাংলাদেশ 'সেরা সংরক্ষিত প্যাভিলিয়ন-০৩' পুরস্কার অর্জন করে। ১০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ প্যাভিলিয়নে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীবৃন্দের উপস্থিতিতে অর্জিত পুরস্কারের ক্রেস্টটি কারা মহাপরিদর্শক এর হাতে তুলে দেন ডিআইজি প্রিজন্স, ঢাকা বিভাগ জনাব টিপু সুলতান এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ। 'বাংলাদেশ জেল' এর এই প্রাপ্তিতে কারা মহাপরিদর্শক কর্তৃক প্যাভিলিয়নে দায়িত্ব পালনকারী কর্মকর্তা ও কর্মচারীদেরকে সংবর্ধনা দেয়া হয়।

কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল **এ কে এম মোস্তফা কামাল পাশা,** এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ ১৩ মার্চ ২০১৯ তারিখ বরিশাল কেন্দ্রীয় কারাগার এবং ১৪ মার্চ ২০১৯ তারিখ পটুয়াখালী জেলা কারাগার পরিদর্শন করেন। প্রশিক্ষণের মাধ্যমে বন্দিদের প্রশিক্ষিত করে সমাজে পুনর্বাসন এবং সশ্রম সাজাপ্রাপ্ত বন্দিদের প্রয়োজনীয় পোশাকের চাহিদা পুরণের লক্ষ্যে তিনি বরিশাল কেন্দ্রীয় কারাগারে একটি নতুন **'পাওয়ার লুম'** উদ্বোধন করেন। উক্ত পরিদর্শনকালীন উপস্থিত ছিলেন ডিআইজি প্রিজন্স বরিশাল বিভাগ জনাব মো. তৌহিদুল ইসলাম এবং সংশ্লিষ্ট কারাগারের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।





কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল **এ কে এম মোস্তফা কামাল পাশা,** এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ ০৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ কাশিমপুর, গাজীপুর কারা ক্যাম্পাসে অবস্থিত প্রিজন্স পাবলিক স্কুল এর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি প্রিজন্স পাবলিক স্কুল এর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের বিজয়ী ছাত্র-ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। তাঁর এই উপস্থিতি স্কুলের ছাত্র-ছাত্রীদের মেধা বিকাশ, উৎসাহ, উদ্দীপনা এবং মানসিক বিকাশে সহায়ক ভূমিকা রাখবে। তিনি শিশু কানন এর শুভ উদ্বোধন করেন এবং সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগ দেন।

০৭ জানুয়ারি ২০১৯ তারিখ কারা মহাপরিদর্শক ঢাকা কেন্দ্রীয় কারাগার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০১৮ সালে পিএসসি সমাপনী পরীক্ষায় এ+ প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি ঢাকা কেন্দ্রীয় কারাগার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। উক্ত বিদ্যালয়ের অন্যান্য শ্রেণির ছাত্র-ছাত্রীরাও যাতে উৎসাহিত হয়ে তাদের মেধা বিকাশ ঘটাতে পারে এ বিষয়ে তিনি বিশেষ গুরুত্বারোপ করে বক্তব্য প্রদান করেন। এ সময় উপস্থিত ছিলেন কর্নেল মো. ইকবার হাসান, বিজিবিএম, এডিশনাল আইজি প্রিজন্স এবং কারা উপ মহাপরিদর্শক জনাব মো. বজলুর রশীদ, সদর দপ্তর, ঢাকা।






কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা, এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ ১৩ই মার্চ ২০১৯ তারিখ বরিশাল কেন্দ্রীয় কারাগার পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি স্টাফ দরবার গ্রহণ করেন। তিনি স্টাফদের বিভিন্ন সুবিধা-অসুবিধা সমস্যা নিরূপণসহ উহা সমাধানে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। কারা মহাপরিদর্শক কারাগার পরিদর্শনকালে প্রশাসনিক বিভিন্ন ফাইল, রেজিস্টারসমূহ প্রত্যক্ষ করেন। তিনি কারাগারের সার্বিক বিষয় সম্পর্কে অবহিত হন এবং সুষ্ঠু প্রশাসনের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা, এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-২ পরিদর্শনে গেলে বন্দিগণ তাঁকে ফুলেল শুভেচ্ছা জানায় ও আগমনী বার্তা পরিবেশন করে। তিনি উক্ত কারাগার পরিদর্শনকালে বন্দিদের বাসস্থান, খাবার ব্যবস্থাপনা, চিকিৎসাসেবা ইত্যাদি বিষয়ে সর্বোচ্চ নজরদারির জন্য স্থানীয় কারা কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করেন। এ সময় তাঁর সাথে উপস্থিত ছিলেন জনাব মো. বজলুর রশীদ, কারা উপ মহাপরিদর্শক, সদর দপ্তর, ঢাকা, জনাব সুব্রত কুমার বালা, সিনিয়র জেল সুপার, কাশিমপুর কেন্দ্রীয় কারাগার ১ ও ২ এবং জনাব শাহাজাহান আহম্মেদ, সিনিয়র জেল সুপার, মহিলা কেন্দ্রীয় কারাগার ও হাই সিকিউরিটি কেন্দ্রীয় কারাগার।



## আরও কিছু তথ্য

১। ১লা নভেম্বর ২০১৮ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্স এর মাধ্যমে নবনির্মিত সিলেট কেন্দ্রীয় কারাগার, ফেনী জেলা কারাগার, কিশোরগঞ্জ জেলা কারাগার, পিরোজপুর জেলা কারাগার, মাদারীপুর জেলা কারাগার উদ্বোধন করেন। পরবর্তীতে পুরাতন সিলেট কেন্দ্রীয় কারাগার-০২ হতে নবনির্মিত সিলেট কেন্দ্রীয় কারাগার-০১ এ ০১লা জানুয়ারি ২০১৯ তারিখ, পুরাতন ফেনী জেলা কারাগার-০২ হতে নবনির্মিত ফেনী জেলা কারাগার-০১ এ ১২ জানুয়ারি ২০১৯ তারিখ, পুরাতন কিশোরগঞ্জ জেলা কারাগার-০২ হতে নবনির্মিত কিশোরগঞ্জ জেলা কারাগার-০১ এ ১২ জানুয়ারি ২০১৯ তারিখ, পুরাতন পিরোজপুর জেলা কারাগার-০২ হতে নবনির্মিত পিরোজপুর জেলা কারাগার-০১ এ ২৬ জানুয়ারি ২০১৯ তারিখ এবং পুরাতন মাদারীপুর জেলা কারাগার-০২ হতে নবনির্মিত মাদারীপুর জেলা কারাগার-০১ এ ০১লা ফেব্রুয়ারি ২০১৯ তারিখ বন্দিদের স্থানান্তর করা হয়।

২। ৩০ জানুয়ারি ২০১৯ তারিখ ০২ দিনব্যাপী **'ইনোভেশন বিষয়ক প্রশিক্ষণ-০১'** কারা অধিদপ্তর, ঢাকার সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। এই প্রশিক্ষণে বিভিন্ন কারাগারের (বিশ) ২০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

৩। ১৯ মার্চ ২০১৯ তারিখ জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে দ্বিতীয়বারের মতো (চার) ০৪ জন কারা কর্মকর্তাকে প্রেষণে পদায়নের বিষয়ে জাতিসংঘের আমন্ত্রণ পাওয়া যায়।



কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা, এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ ১৪ ই মার্চ ২০১৯ তারিখ পটুয়াখালীর কুয়াকাটায় গ্রান্ড হোটেল এন্ড রিসোর্ট এ UNODC কর্তৃক আয়োজিত Preventing Violent Extremism in Prisons and Prisons Incident Preparedness and Management শীর্ষক সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত সেমিনারে কারা মহাপরিদর্শক উপস্থিত কর্মকর্তাদের উন্নত প্রশিক্ষণ, চরমপন্থীদের মোকাবেলা করা, বন্দিদের উন্নত মানের প্রশিক্ষণে উৎসাহিত করা এবং প্রশিক্ষণের মাধ্যমে বন্দি জীবন থেকে বের হয়ে সমাজে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে বিভিন্ন গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করেন। এছাড়া তিনি অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ প্রদান করেন।

কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা, এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ খ্রিস্টীয় নতুন বছরের শুরুতে কারা অধিদপ্তরের কর্মকতাদের নিয়ে গ্রামীন ফোন বিজনেস উইক উপলক্ষ্যে কেক কেটে শুভ সূচনা করেন।





কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা, এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ **'ওয়ালটন ৪২তম জাতীয় এ্যাথলেটিক প্রতিযোগিতা'** তে অংশগ্রহণকারী বাংলাদেশ জেল এর এ্যাথলেটিক খেলোয়াড়দের ০৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ সংবর্ধনা প্রদান করেন। উক্ত সংবর্ধনায় খেলোয়াড়দের উৎসাহ ও শুভেচ্ছা জ্ঞাপনসহ আর্থিক পুরস্কারস্বরূপ চেক প্রদান করেন। যা খেলোয়াড়দের মাঝে উৎসাহ উদ্দীপনা বৃদ্ধিসহ আগামী দিনের বিভিন্ন খেলায় স্বতঃস্ফূর্ত অংশগ্রহণপূর্বক **'বাংলাদেশ জেল'** এর সুনাম বৃদ্ধি ও মর্যাদা অক্ষুন্ন রাখতে শক্তি এবং সাহস যোগাবে।

২৬ জানুয়ারি ২০১৯ তারিখ ঢাকায় বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত **'ওয়ালটন ৪২তম জাতীয় এ্যাথলেটিক প্রতিযোগিতা'** অনুষ্ঠিত হয়। এ প্রতিযোগিতায় বিভিন্ন সংস্থার এ্যাথলেটিকসহ বাংলাদেশ জেল এর এ্যাথলেটিকগণ অংশগ্রহণ করেন। উক্ত অনুষ্ঠানে খেলোয়াড়দের মাঝে পুরস্কার বিতরণ করেন কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা, এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ এই প্রতিযোগিতায় বাংলাদেশ জেল দল ৩৩ টি দলের মধ্যে দলগতভাবে তৃতীয় স্থান অর্জন করে। **'বাংলাদেশ জেল দল'** ০২ টি স্বর্ণ, ০১ টি সিলভার, ০২ টি ব্রোঞ্জ পদক লাভ করে।






২৪ মার্চ ২০১৯ তারিখ **'১২তম প্রিজন্স ইন্টেলিজেন্স সদস্য প্রশিক্ষণ কোর্স-২০১৯'** এর শুভ উদ্বোধন করেন কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা, এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ। এতে বিভিন্ন কারাগার হতে (ছাব্বিশ) ২৬ জন কারারক্ষী ও মহিলা কারারক্ষী অংশগ্রহণ করেন। এ প্রশিক্ষণে তাদেরকে কারা নিরাপত্তাসহ বিভিন্ন বিষয়ে দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট এর সদস্যদের মাধ্যমে বাংলাদেশের সকল কারাগারের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা ও জরুরি প্রয়োজনীয় সংবাদ কারা মহাপরিদর্শক দ্রুত অবহিত হতে পারেন। **'প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট'** এর কার্যক্রম বস্তুনিষ্ঠ ও উন্নয়নে কারা মহাপরিদর্শক বিভিন্ন গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করেন।

০৭ মার্চ ২০১৮ তারিখ কারা মহাপরিদর্শক ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা, এসপিপি, এনডিসি, এমফিল, এমপিএইচ কারা কর্মচারীদের আবাসনের জন্য ১৪তলা বিশিষ্ট (এক) ০১ টি বহুতল ভবনের ভিত্তিপ্রস্তর শুভ উদ্বোধন করেন। এ সময় প্রকল্প পরিচালকসহ কারা অধিদপ্তরের বিভিন্ন স্তরের কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন। কারা অধিদপ্তরের স্টাফদের পরিবার পরিজন নিয়ে বসবাসের সু-ব্যবস্থা না থাকায় উহা জরুরি প্রয়োজন ছিল। অধিদপ্তরের সকল স্টাফদের বহুদিনের চাওয়া যাতে করে একটি মনোরম বহুতল বিশিষ্ট ভবন নির্মাণ করা হয়। আর সেটিই বাস্তবায়নের লক্ষ্যে কারা মহাপরিদর্শক যোগদানের পরপরই কারাগারে বহুতল বিশিষ্ট ভবন নির্মাণের জন্য ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। বর্তমান কারা মহাপরিদর্শক বাংলাদেশ জেল এ যোগদানের পর হতে কারাগারের কাজে উন্নয়ন লক্ষণীয়। বহুতল বিশিষ্ট এই ভবনটি নির্মাণ শেষে বদলে দিবে কারা অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীদের জীবনমান।



## আমরা যাঁদের হারিয়েছি

আমরা শোকাহত



কিশোরগঞ্জ জেলা কারাগারের **প্রধান কারারক্ষী নং-১১৪৬২ জনাব মোঃ তাহের উদ্দিন** ৬ মার্চ ২০১৯ তারিখ সকাল ৮:২০ ঘটিকায় মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহে রাজিউন)।



চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের সহকারী **প্রধান কারারক্ষী জনাব জামশেদুর রহমান** ২৩ ডিসেম্বর ২০১৮ তারিখ মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহে রাজিউন)।

## কারা বিভাগের লোগো পরিচিতি